

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়  
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)  
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০  
[www.ntrca.gov.bd](http://www.ntrca.gov.bd)

স্মারক নং: ৩৭.০৫.০০০০.০১১.৩১.০০১.২৪-৭৪


তারিখ: ০৬ চৈত্র, ১৪৩০ বঙ্গাব্দ  
২০ মার্চ, ২০২৪ খ্রিস্টাব্দ

অধিযাচন (e-Requisition) সংশোধন সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, কারিগরি ও মাদ্রাসা) প্রধানগণের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, ৫ম নিয়োগ বিজ্ঞপ্তির আওতায় অধিযাচন (e-Requisition) দাখিলের জন্য ১৮.০৩.২০২৪ খ্রিঃ পর্যন্ত সময় প্রদান করা হয়েছিল। ১৮.০৩.২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত দাখিলকৃত e-Requisition এ যদি কোন ভুল ত্রুটি থাকে তবে তা সংশোধন/সংযোজন/বিয়োজন করার জন্য আগামী ২০.০৩.২০২৪ খ্রিঃ (সকাল ১০.০০ ঘটিকা) থেকে ২৫.০৩.২০২৪ খ্রিঃ তারিখ (রাত ১২.০০ ঘটিকা) পর্যন্ত e-Requisition প্ল্যাটফর্ম এর Edit Option চালু থাকবে। নির্ধারিত সময়ের মধ্যে e-Requisition ফর্মের Edit Option এ ক্লিক করে ই-রিকুইজিশনে প্রদত্ত চাহিদা (অধিযাচন) সংশোধন/সংযোজন/বিয়োজন করতে পারবেন। Edit করার সময় বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শূন্য পদের চাহিদা সংক্রান্ত অধিযাচন (e-Requisition) প্রদানের জন্য প্রতিষ্ঠান প্রধান কর্তৃক পালনীয় নির্দেশিকার “খ” নং ক্রমিকে বর্ণিত ১১, ১২, ১৩ এবং ১৪ নম্বর অনুচ্ছেদ অনুসরণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য, নির্দেশিকাটি এনটিআরসিএ ওয়েবসাইটের ই-রিকুইজিশন প্ল্যাটফর্ম নামক সেবা বক্সে আপলোড করা আছে। Edit করার পর পুনরায় Save & Submit এ ক্লিক করে সংশোধিত e-Requisition এর Print Copy সংগ্রহ করে সংরক্ষণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণ (USEO) ২০.০৩.২০২৪ তারিখ থেকে একই সময়ে স্ব স্ব User ID ও Password দিয়ে Login করে তাঁর আওতাধীন সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানের ই-রিকুইজিশনে পদের প্রাপ্যতা আছে কিনা, পদটি এমপিওভুক্ত কিনা এবং পদের কাম্য সংখ্যক শিক্ষার্থী আছে কিনা তা পুঙ্খানুপুঙ্খভাবে যাচাই বাছাই করে আগামী ২৫.০৩.২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসারের (DEO) নিকট Submit করবেন। যাচাইকালে অধিযাচন (e-Requisition) এ কোন ভুলত্রুটি চিহ্নিত হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে দিয়ে Edit করে Submit করবেন।

৩। জেলা শিক্ষা অফিসারগণ (DEO) স্ব স্ব User ID ও Password দিয়ে Login করে ২০.০৩.২০২৪ তারিখ থেকে একই সময়ে তাঁদের আওতাধীন সকল উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ই-রিকুইজিশন ভালভাবে পরীক্ষা নিরীক্ষা করে আগামী ২৫.০৩.২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে অনলাইনে Submit করবেন। ই-রিকুইজিশন যাচাইকালে কোন ভুলত্রুটি দৃষ্টিগোচর হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে দিয়ে তা Edit করে Submit করবেন।

  
(কাজী কামরুল আহছান)  
পরিচালক (উপসচিব)  
শিক্ষাতন্ত্র ও শিক্ষামান  
এনটিআরসিএ, ঢাকা।  
ফোন নং- ০২-৪১০৩০১২১

বিতরণ:

১. ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স, হোল্ডিং নং- ৩/এ, ৫/এ, ৭/এ রোড নং- ১৭ গুলশান-১, ঢাকা- ১২১২।

২. সিস্টেম এনালিস্ট, এনটিআরসিএ- বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধসহ;
৩. জেলা শিক্ষা অফিসার, সকল;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল
৫. পিএ টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।